
# নিউইয়র্ক শিশু সুরক্ষা আইন - শিশু সুরক্ষা কোনো বিকল্প নয়, এটি আইন!

সকল শিশুকে একটি মোটর গাড়িতে চড়ার সময় একটি উপযুক্ত শিশু সুরক্ষা ব্যবস্থায় সুরক্ষিত রাখতে হবে, **যতক্ষণ না তারা তাদের ৮তম জন্মদিনে পৌঁছায়।**

একটি উপযুক্ত শিশু সুরক্ষা ব্যবস্থা এমন একটি ব্যবস্থা যা প্রস্তুতকারকের দ্বারা প্রস্তাবিত শিশুর আকার এবং ওজনে সামঞ্জস্য রাখে।




*প্রতিটি আসনের জন্য প্রস্তাবিত বয়সের সীমা শিশুর বিকাশ, বৃদ্ধি এবং বাচ্চাদের সিট এবং বুস্টার সিটের উচ্চতা/ওজন এর সীমার পার্থক্যের জন্য পরিবর্তিত হয়। ইন্সটলেশন, সিটের উচ্চতা/ওজন সীমা এবং সঠিকভাবে সিট ব্যবহার করতে বাচ্চাদের সিট বা বুস্টার সিটের গ্রাহক ব্যবহার বিধি দেখুন। যদি শিশুর বয়স আট বছর হয় এবং 4'9" থেকে কম লম্বা হয় বা তার ওজন 100 পাউন্ডের কম হয়, তাহলে এটি প্রস্তাবিত যে আপনি শিশু সুরক্ষা ব্যবস্থা ব্যবহার করবেন।

## পিছনের- দিকে মুখ করা বাচ্চাদের সিট

**জন্ম থেকে কমপক্ষে 2 বছর বয়স পর্যন্ত***

2 বছর বয়স পর্যন্ত বা যতক্ষন না তারা বাচ্চাদের সিটের সর্বচ্চো ওজন বা উচ্চতা সীমায় না পৌঁছায় বাচ্চারা পিছনে মুখ করে জিনপোষ বেঁধে পিছনের সিটে চড়বে। (পরিবর্তনযোগ্য আসনগুলি পিছনে এবং সামনে উভয় দিকে ব্যবহার করা যেতে পারে)

**পিছনের দিকে মুখ করা জিনপোষের অবস্থান**

জিনপোষের ফিতা কাঁধ বা কাঁধের নিচে থাকবে

বগলের মাঝে বুকের উপর জিনপোষের ক্লিপ থাকবে

নিচের জিনপোষ নিতম্বে পরতে হবে, পেটে নয়

**ইনস্টলেশন***

পিছন দিকে মুখ করা বাচ্চাদের সিটটি অবশ্যই গাড়ির সিটের সাথে সিট বেল্ট বা নীচের অ্যাঙ্করের সাথে সংযুক্ত থাকতে হবে।

সঠিকভাবে ইনস্টল করা বাচ্চাদের সিটগুলি এক ইঞ্চির বেশি পাশ থেকে এবং সামনে থেকে পিছনে সরানো উচিত নয়।

সক্রিয় এয়ার ব্যাগের সামনে কখনোই বাচ্চাদের সিটে রাখবেন না।

## সামনের দিকে মুখ করা বাচ্চাদের সিট

**বয়স 2 থেকে কমপক্ষে 5* বছর পর্যন্ত**

যখন বাচ্চারা পিছনের দিকে মুখ করা সিট বা পিছনের দিকের সিটের অবস্থানের চেয়ে বড় হয়ে উঠবে তখন কমপক্ষে 5 বছর বয়স পর্যন্ত বা যতক্ষণ না বাচ্চাদের সিটের ওজন বা উচ্চতার সীমাতে পৌঁছায় তাদের পিছনে সামনের দিকে মুখ করা সিটে জিনপোষ ব্যবহার করবে। (পরিবর্তনযোগ্য আসনগুলি পিছনে এবং সামনের দিকে উভয়ই ব্যবহার করা যেতে পারে/কম্বিনেশন সিটগুলি জিনপোষ সহ সামনের দিকে মুখ করা এবং বুস্টার সিটের একটি কম্বিনেশন)

**সামনের দিকে মুখ করা জিনপোষের অবস্থান**

কাঁধ বা কাঁধের উপরে জিনপোষের ফিতা থাকবে।

বগলের মাঝে বুকের উপর জিনপোষের ক্লিপ থাকবে

নিচের জিনপোষ নিতম্বে পরতে হবে, পেটে নয়

**ইনস্টলেশন***

সামনের দিকে মুখ করা বাচ্চাদের সিটটি গাড়ির সিটের সাথে অবশ্যই গাড়ির সিট বেল্ট বা নীচের অ্যাঙ্কর এবং টিথার দিয়ে সংযুক্ত করতে হবে, যদি থাকে।

সঠিকভাবে ইনস্টল করা বাচ্চাদের সিটগুলি এক ইঞ্চির বেশি পাশাপাশি এবং সামনে থেকে পিছনে সরানো উচিত নয়।

সক্রিয় এয়ার ব্যাগের সামনে কখনোই বাচ্চাদের সিট রাখবেন না।

## বুস্টার সিট

**4 - 7 বছর***

এটি সুপারিশ করা হয় যে শিশুরা সামনের দিকে মুখ করা জিনপোষ সহ বাচ্চাদের সিটে পিছনে বসবে যতক্ষণ না শিশুটি সিট প্রস্তুতকারকের দ্বারা অনুমোদিত সর্বোচ্চ উচ্চতা বা ওজনের সীমাতে পৌঁছায়।

যখন শিশুটি জিনপোষ সহ সামনের দিকে মুখ করা বাচ্চাদের সিট ছাড়িয়ে যায়, তখন তাদের গাড়ির পিছনের সিটে, একটি বুস্টার সিটে নিয়ে যান। (কম্বিনেশন সিট হল জিনপোষ সহ সামনের দিকে মুখ করা এবং বুস্টার সিটের কম্বিনেশন)

**বুস্টার সিট বেল্টের অবস্থান:**

1. কাঁধের বেল্টটি কাঁধ এবং বুক জুড়ে থাকে এবং ঘাড় বা মুখের উপর নয়।
2. ল্যাপ বেল্টটি উপরের উরু জুড়ে থাকে (পেটে নয়)।

**ইনস্টলেশন***

বুস্টার সিটগুলি শিশুকে সুরক্ষিত করতে সিট বেল্ট ব্যবহার করে এবং শিশুর ঘাড় এবং মুখ বেল্ট থেকে বাইরে রাখতে সহায়তা করে এবং শিশুকে এমন অবস্থানে রাখে যাতে ল্যাপ বেল্টটি পেটের বাইরে থাকে।

যদি বুস্টার সিটে একটি টিথার থাকে এটি গাড়ির সাথে সংযুক্ত করুন।

## সিট বেল্ট

৪ - 12 বছর+*

আপনার গাড়ির নিরাপত্তা বেল্ট শিশুদের জন্য ডিজাইন করা হয়নি। সেরা অনুশীলন নির্দেশ করে যে সিট বেল্টটি সঠিকভাবে ফিট না হওয়া পর্যন্ত শিশুদের বুস্টার সিট ব্যবহার করা নিরাপদ।

**সিট বেল্ট সঠিকভাবে ফিট হয় যখন:**

1. কাঁধের বেল্টটি কাঁধ এবং বুক জুড়ে থাকে এবং ঘাড় বা মুখের উপর আসে না।

2. ল্যাপ বেল্টটি উপরের উরু জুড়ে থাকে (পেটে নয়)।

3. বাচ্চাদের যথেষ্ট লম্বা হওয়া দরকার যাতে তারা গাড়ির সিটের বিপরীতে তাদের পিঠ দিয়ে পিছনের সিটের প্রান্ত ভাগে অনায়াসে তাদের হাঁটু বাঁকিয়ে রাখতে পারে।

এটি জোড়ালো ভাবে সুপারিশ করা হয় যে 12 বছর বয়সী এবং তার কম বয়সী সকল শিশু পিছনের সিটে সঠিকভাবে সুরক্ষিত থাকে। ।

সামনের সিটে, চালক এবং প্রতিটি যাত্রীকে অবশ্যই একটি সিট বেল্ট পরিধান করতে হবে, প্রতি বেল্টে একজন ব্যক্তি। 16 বা তার বেশি বয়সী ড্রাইভার এবং সামনের সিটের যাত্রীদের সিট বেল্ট না পরার জন্য প্রত্যেককে $50 পর্যন্ত জরিমানা করা যেতে পারে।

**বয়স বা বসার অবস্থান নির্বিশেষে প্রত্যেক আরোহীকে অবশ্যই একটি নিরাপদ সুরক্ষা ব্যবস্থা দ্বারা সুরক্ষিত করতে হবে। 16 বছরের কম বয়সী প্রতিটি যাত্রীকে অবশ্যই সিট বেল্ট পরিধান হবে বা একটি উপযুক্ত শিশু সুরক্ষা ব্যবস্থা ব্যবহার করতে হবে। ড্রাইভারকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে 16 বছরের কম বয়সী প্রতিটি যাত্রী আইন মান্য করেছে। ড্রাইভারকে $25 থেকে $100 পর্যন্ত জরিমানা করা যেতে পারে এবং প্রতিটি অপরাধের জন্য তিনটি ড্রাইভার লাইসেন্স পেনাল্টি পয়েন্ট পেতে পারে।**

**TS.CPS.2017. Bengali. CPS Seat Chart Flyer 11 x 17**

Child passenger seat recommendations: American Academy of Pediatrics Safety Committee. Graphic design: adapted from National Highway Traffic Safety Administration. This flyer was modified Aug 2017 by Mohawk Valley Resource Center for Refugees with recommendations from the New York State Governors Traffic Committee. Translations provided by **Tone** at tonetranslate.com a division of Mohawk Valley Resource Center for Refugees. This project is made possible through the Mohawk Valley Resource Center for Refugees' Child Passenger Safety program funded by the National Highway Traffic Safety Administration with a grant from the New York State Governor's Traffic Safety Committee.

NEW YORK STATE OF OPPORTUNITY. Governor's Traffic Safety Committee

MVRCR MOHAWK VALLEY RESOURCE CENTER FOR REFUGEES

tone translation of nearly everything